

২ দিন বন্ধ থাকবে রাবির ক্লাস-পরীক্ষা

রাবি প্রতিনিধি

১৫ সেপ্টেম্বর ২০২৫, ১০:২৫ পিএম



নতুন ধারার দৈনিক

আমাদের ময়



রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু), সিলেট ছাত্র প্রতিনিধি ও হল সংসদ নির্বাচন উপলক্ষে দুই দিন ক্লাস-পরীক্ষা বন্ধ ঘোষণা করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

আজ সোমবার বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাণ) ইফতিখারুল আলম মাসউদের স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, আগামী ২৪ ও ২৫ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয়ের ক্লাস, পরীক্ষা ও অফিস বন্ধ থাকবে। তবে জরুরি বিভাগসমূহ যেমন পানি, বিদ্যুৎ, চিকিৎসা, প্রহরা ব্যবস্থা ও টেলিফোন যথারীতি চালু থাকবে।

ভারপ্রাণ রেজিস্ট্রার ইফতিখারুল আলম মাসউদ জানান, দীর্ঘ ৩৫ বছর পর রাকসু নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। যেহেতু ভোটকেন্দ্রগুলো একাডেমিক ভবনেই স্থাপন করা হয়েছে, তাই প্রস্তুতিমূলক কাজ ও নির্বাচনী প্রক্রিয়া নির্বিঘ্নে করতে ওই দুই দিন ক্লাস-পরীক্ষা বন্ধ রাখা হবে। তবে প্রশাসনিক কার্যক্রম চালু রাখতে অফিস খোলা থাকবে।